


যুগান্তর

মানববন্ধনের পঞ্চম দিন

রাবি প্রশাসনের দুর্নীতিবাজদের অপসারণ দাবি

প্রকাশ : ২৫ অক্টোবর ২০১৯, ০০:০০ | প্রিন্ট সংস্করণ

 রাজশাহী ব্যুরো

রাজশাহী বিশ্ববিদ্যালয় প্রশাসনের দুর্নীতিবাজ কর্মকর্তাদের অপসারণ দাবিতে মানববন্ধন করেছেন ‘রাবি দুর্নীতিবিরোধী শিক্ষক সমাজ’। শহীদ তাজউদ্দীন আহমদ সিনেট ভবনের সামনে পঞ্চম দিনের মতো এ কর্মসূচির আয়োজন করা হয়। বৃহস্পতিবার দুপুরে বৃষ্টি উপেক্ষা করেও পঞ্চম দিনের মতো এ কর্মসূচিতে অংশ নেন শিক্ষকরা। দুর্নীতিবাজ কর্মকর্তাদের অপসারণ না করা পর্যন্ত মানববন্ধন থেকে প্রত্যেক সোমবার ও বৃহস্পতিবার কর্মসূচি পালনের ঘোষণা দেয়া হয়।

ব্যবস্থাপনা বিভাগের সহযোগী অধ্যাপক সৈয়দ মুহাম্মদ আলী রেজার সঞ্চালনায় মানববন্ধনে কেন্দ্রীয় গ্রন্থাগারের সাবেক প্রশাসক ড. সফিকুল্লাহী সামাদী বলেন, অনুষদে ফাস্ট হয়ে প্রধানমন্ত্রী পদক পাওয়া সত্ত্বেও শিক্ষক হিসেবে নিয়োগ পান না। কিন্তু ভিসি ও প্রোভিসির মেয়ে-জামাতা হলে যোগ্যতা না থাকলেও শিক্ষক হয়ে যান। তিনি বর্তমান প্রশাসনের বিতর্কিত কর্মকাণ্ডকে ইউজিসি ও শিক্ষা মন্ত্রণালয়কে তদন্ত করে আইনানুগ ব্যবস্থা গ্রহণের দাবি জানান।

মানববন্ধনে অন্যান্যের মধ্যে উপস্থিত ছিলেন আইন অনুষদের সাবেক ডিন অধ্যাপক বিশ্বজিৎ চন্দ্র, ম্যানেজমেন্ট স্টাডিজ বিভাগের ড. সাইফুল ইসলাম, ড. জিন্নাত আরা বেগম, গণিত বিভাগের অধ্যাপক আশাবুল হক, পরিবেশ বিজ্ঞান ইন্সটিটিউটের সাবেক পরিচালক ও ভূতত্ত্ব ও খনিবিদ্যার অধ্যাপক সুলতানুল ইসলাম, প্রাণ রসায়ন বিভাগের অধ্যাপক জাহাঙ্গীর আলম, রাষ্ট্রবিজ্ঞান বিভাগের প্রফেসর ড. এসএম একরাম উল্লাহ প্রমুখ।

বিশ্ববিদ্যালয় ভিসি এম আবদুস সোবহান সেমিনারে বক্তব্য শেষে ‘জয় হিন্দ’ উচ্চারণ ও প্রোভিসি চৌধুরী মোহাম্মদ জাকারিয়ার সঙ্গে চাকরিপ্রত্যাশীর ফোনালাপ ফেসবুক ও গণমাধ্যমে ভাইরাল হয়। এরপর গত ৩ অক্টোবর থেকে বর্তমান প্রশাসনের ভিসি ও প্রোভিসির অপসারণ চেয়ে আন্দোলন করে আসছেন শিক্ষক-শিক্ষার্থীরা।

ভারপ্রাপ্ত সম্পাদক : সাইফুল আলম, প্রকাশক : সালমা ইসলাম

প্রকাশক কর্তৃক ক-২৪৪ প্রগতি সরণি, কুড়িল (বিশ্বরোড), বারিধারা, ঢাকা-১২২৯ থেকে প্রকাশিত এবং যমুনা প্রিন্টিং এন্ড পাবলিশিং লিঃ থেকে মুদ্রিত।

পিএবিএক্স : ৯৮২৪০৫৪-৬১, রিপোর্টিং : ৯৮২৪০৭৩, বিজ্ঞাপন : ৯৮২৪০৬২, ফ্যাক্স : ৯৮২৪০৬৩, সার্কুলেশন : ৯৮২৪০৭২। ফ্যাক্স : ৯৮২৪০৬৬

E-mail: jugantor.mail@gmail.com

© সর্বস্বত্ত্ব স্বত্বাধিকার সংরক্ষিত ২০০০-২০১৯ | এই ওয়েবসাইটের কোনো লেখা, ছবি, অডিও, ভিডিও অনুমতি ছাড়া ব্যবহার বেআইনি।